

# মাদকমুক্ত ক্যাম্পাসের দাবিতে উপাচার্যকে ছাত্রদলের স্মারকলিপি

ইসলামী  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

১৬ নভেম্বর,  
২০২৪ ১৭:২১

শেয়ার

অ +

অ -



১৯ দফা দাবিতে উপাচার্যকে স্মারকলিপি দিচ্ছেন বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নেতাকর্মীরা। ছবি : কালের কণ্ঠ

মাদকমুক্ত ক্যাম্পাস নিশ্চিতকরণ, নিরাপত্তা জোরদার ও বহিরাগত প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধসহ ১৯ দফা দাবিতে  
উপাচার্যকে স্মারকলিপি দিয়েছে ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল। শনিবার (১৬ নভেম্বর) দুপুর আড়াইটায়

উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহর নিকট এ স্মারকলিপি প্রদান করে সংগঠনটির সদস্যরা।

ছাত্রদলের উল্লেখযোগ্য দাবিগুলো হলো- বিশ্ববিদ্যালয় ডায়েরি ও ক্যালেন্ডারে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের নাম অন্তর্ভুক্ত করা, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্য বাস্তবায়ন করা, মেধার ভিত্তিতে হলের সিট নিশ্চিত করা, ডাইনিংয়ে ভর্তুকি বৃদ্ধি করে খাবারের মান বৃদ্ধির করা, বিশ্ববিদ্যালয়ের সকল খাতে অতিরিক্ত ফি কমানো, পরীক্ষা নিয়ন্ত্রকসহ সকল দপ্তরে জবাবদিহিতা নিশ্চিতের মাধ্যমে শিক্ষার্থীদের হয়রানি বন্ধ করা। এছাড়া ছাত্রলীগ ব্যতীত অন্য সকল রাজনৈতিক পক্ষগুলোকে একটি প্ল্যাটফর্মে নিয়ে এসে সকলের সহাবস্থান নিশ্চিত করা, ক্যাম্পাসের স্বেচ্ছাচারী দোসরদের চিহ্নিত করে শাস্তি নিশ্চিত করা, র্যাগিং, মাদক ও সেশনজট নির্মূল, ক্যাম্পাসে দ্রুতগতির ওয়াইফাই সুবিধা নিশ্চিত ও কেন্দ্রীয় লাইব্রেরি প্রতিদিন খোলা রাখা ও পড়াশোনার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা।

## আরো পড়ুন



ইবি শিক্ষার্থী নওরিন হত্যা : অধিকতর তদন্তে পিবিআই

স্মারকলিপি গ্রহণকালে উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ দাবিগুলোকে যৌক্তিক আখ্যা দিয়ে দ্রুত সময়ের মধ্যে পূরণের আশ্বাস দেন। এ সময় শাখা ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহমেদ ও সদস্যসচিব মাসুদ রুমী মিথুনসহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

